DPD-SA
DPD-PP
DPD-HB
DPD-MR
DPD-SH

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।

নং- ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫(৭).১৮/ ৪০২ তারিখঃ 28/০৫/২০২২ খ্রিঃ।

**বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় "বিশ্ব দুগ্ধ দিবস -২০২২" উদযাপন ব্যবস্থাপনার জন্য কমিটি ও গাইডলাইন অনুমোদন।**

সূত্রঃ প্রকল্প পরিচালকের ২২/০৫/২০২২ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.২৩.০০৪.২১-৬৮২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে সারাদেশের ৬১টি জেলা সদরে প্রতি বছর জুন মাসের ১ তারিখে "বিশ্ব দুগ্ধ দিবস" উদযাপনের সংস্থান রয়েছে। সে মোতাবেক আগামি ০১/০৬/২০২২ তারিখে প্রতিটি জেলা সদরে "বিশ্ব দুগ্ধ দিবস -২০২২" উদযাপন সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নবর্ণিত কমিটি ও গাইডলাইন অনুমোদন করা হলো।

অনুমোদিত কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২ | জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৩ | পুলিশ সুপারের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৪ | ট্রেনিং অফিসার,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫ | জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৬ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য-সচিব |

কমিটি'র কর্মপরিধিঃ

১) গাইলাইন অনুযায়ী বিশ্ব দুগ্ধ দিবস উদযাপনের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন সমন্বয়।
২) স্থানীয় ডেইরী এসোসিয়েশন ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বাস্তবায়ন সমন্বয় সাধন।
৩) দুধ পান করানোর জন্য স্কুল/প্রতিষ্ঠান নির্বাচন।
৪) বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ পালন উপলক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহণ।

28/5/22

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

28/05/22

প্রাপকঃ

প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প।
অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের অনুরোধসহ।

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, ----------------------। একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, -----------------------।
৩। পুলিশ সুপার, ----------------------। একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ।
৪। ট্রেনিং অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----------------------।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, -------------------------।
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, -------------------।
৭। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, -----------------।

DPD-SA
DPD-PP
DPD-HB
DPD-MR
DPD-SH

২৪/০৫/২০২২

২৮/০৫/২০২২

CTC

# বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপন সংক্রান্ত গাইডলাইন

**বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপন-এর লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

দুধ ও দুগ্ধজাত পণ্য অন্যতম পুষ্টিকর খাদ্য হিসাবে বিবেচিত হওয়া সত্ত্বেও নিয়মিত দুধ পানে জনসাধারণের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন-২০২২ আয়োজনের লক্ষ্য হচ্ছে দুধ ও দুগ্ধজাত পণ্যকে নিরাপদ পুষ্টির অন্যতম উৎস হিসাবে সকল মহলে জনপ্রিয় করা, উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ প্রদান এবং ডেইরি শিল্পায়নকে ত্বরান্বিতসহ সমৃদ্ধিশালীকরণ। প্রতিবছর ১লা জুন বিশ্ব দুগ্ধ দিবস উদযাপনের মাধ্যমে দুগ্ধ শিল্পকে গুরুত্ব দিয়ে বিশ্বব্যাপী যে প্রতিপাদ্য বিষয় প্রচার করা হয় তার সহিত সংহতি প্রকাশ করা এ দিবস ও সপ্তাহ উদযাপনের অন্যতম উদ্দেশ্য।

**ডিপিপি সংস্থান** ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবছর সারাদেশের ৬১টি জেলায় বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন আয়োজনের জন্য ডিপিপি'তে সংস্থান রয়েছে ।

**আয়োজনে** ঃ জেলা প্রাণিসম্পদ দপ্তর। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ নির্ধারিত তারিখে বিশ্ব দুগ্ধ দিবস উদযাপনের সার্বিক দায়িত্ব পালন করবেন।

**ক) বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠানঃ**

- কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদ্বোধনী অনুষ্ঠানের অতিথি নির্বাচন ও আমন্ত্রণ জানানো।
- অতিথিদের তালিকা প্রস্তুত করা, নির্ধারিত নমুনা অনুযায়ী নিমন্ত্রণপত্র তৈরি, ছাপানো ও বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

**খ) বিশ্ব দুগ্ধ দিবস-এর কার্যক্রমঃ**

- র‍্যালি আয়োজন;
- দুগ্ধ দিবস অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদের মাঝে প্যাকেটজাত দুধ বিতরণ;
- বিশ্ব দুগ্ধ দিবসের আলোচনা সভা; এবং
- বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন- রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা।
    - ১) প্রতিযোগিতার শিরোনাম, তারিখ ও সময় নির্ধারণ;
    - ২) প্রতিযোগীদের বয়স/পর্যায় (গ্রুপ) নির্ধারণ ও প্রতিযোগিতা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
    - ৩) বিজয়ী নির্ধরণের জন্য বিচারক প্যানেল নির্বাচন;
    - ৪) বিজয়ী নির্বাচন এবং পুরস্কারের ব্যবস্থা করা।

**গ) দুগ্ধ দিবস-এর কার্যক্রম:**

- বিশ্ব দুগ্ধ দিবস অর্থাৎ ১লা জুন ২০২২খ্রিঃ এ সুবিধা বঞ্চিত এলাকার নির্বাচিত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক আলোচনা অনুষ্ঠান, শিক্ষার্থীগণের মাঝে টি-শার্ট বিতরণ ও দুধ পান করানো।

**ঘ) তারিখ ও এলাকা:**

- ➢ বিশ্ব দুগ্ধ দিবস-এর তারিখ ১লা জুন ২০২২খ্রি: উদযাপন করা হবে।
- ➢ প্রকল্পের আওতাধীন ৬১টি জেলায় (পার্বত্য জেলা সমূহ ব্যতিত) উদযাপন করা হবে।
- ➢ বিশ্ব দুগ্ধ দিবস অনুষ্ঠানের জন্য জেলা সদরে উপযুক্ত স্থান নির্বাচন করতে হবে, যেখানে অধিক জনসাধারনের চলাচল সুবিধা বিদ্যমান রয়েছে। বাস্তবায়ন কমিটি উপযুক্ত স্থান নির্বাচন করবেন।

**ঙ) প্রচার-প্রচারণা এবং উপস্থিতি :**

- ➢ বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপন উপলক্ষে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করতে হবে। স্থানীয় পত্রিকা, পোস্টার, লিফলেট ও মাইক ইত্যাদির মাধ্যমে উৎপাদনকারী, পণ্য বাজারজাতকারী এবং ভোক্তাসাধারণকে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে হবে।
- ➢ জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ➢ দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী এবং ভোক্তাশ্রেণীর (ছাত্র-ছাত্রী) উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**চ) প্রতিযোগিতা ও পুরস্কার প্রদান:**

- ➢ বিশ্ব দুগ্ধ দিবস- ২০২২ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় কমিটি রচনা রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা আয়োজনের জন্য ৩/৫ সদস্য বিশিষ্ট আয়োজক ও বিচারক কমিটি গঠন করবেন।
- ➢ রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ।
- ➢ প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার এবং সনদপত্র প্রদান করতে হবে। এছাড়াও ০১ টি বিশেষ পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। স্থানীয় পর্যায়ের কমিটি পুরস্কারের জন্য বিজয়ী নির্বাচন করবেন।
- ➢ প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা চেকের মাধ্যমে প্রদান করতে হবে।

**ছ) বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় আর্থিকং সংস্থান:**

- ➢ প্রকল্পের আর্থিক সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় বাজেট বরাদ্দ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হবে।
- ➢ খাত অনুযায়ী ব্যয় নির্বাহ করত: প্রকল্প পরিচালক বরাবরে বিবরণী প্রেরণ করতে হবে।

জ) বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপনের জন্য জেলাওয়ারী আর্থিক বিভাজন নিম্নরুপ ঃ

**Estimated Cost of Observing "World Milk Day-2022"**

| Sl. No. | Description of Items | Unit | Qty | Unit cost (Tk.) | Total cost (Tk.) | Deduction on bill | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | % of VAT | % of Tax |
| 1 | Banner | Nos. | 2 | 1500/- | 3,000/= | 10% | n/a |
| 2 | Pandal, Stage, Chair, Tripel, Fan, Sound System and Decoration | LS | - | - | 20,000/= | 15% | n/a |
| 3 | Prizes for Essay Writing, Art, Quiz Competition for Students | Nos. | 15 | 750/- | 11,250/- | 7.5% | n/a |
| 4 | Coordination Fee/ Program preparatory consultation fee/ for Chief Guest, Special Guest and Chair Person | Nos. | 3 | 2500/- | 7,500/= | n/a | 10% |
| 5 | Distribution of Flavored Milk (200ml) among the Students | Nos. | 1000 | 23/- | 23,000/= | 7.5% | n/a |
| 6 | Snacks for Guest | Nos. | 100 | 100/- | 10,000/= | 10% | n/a |
| 7 | Distribution of T-shirt for students & Guests | Nos | 1100 | 100/- | 1,10,000/= | 7.5% | 3% |
| 8 | Cultural Program | No | 1 | 18000/- | 18,000/= | 15% | 10% |
| 9 | Transport for Organizing the Program | LS | - | - | 3,000/= | n/a | n/a |
| 10 | Miscellaneous | LS | - | - | 2,250/= | 7.5% | n/a |
| | **Total Cost per District** | | | | **2,08,000/=** | | |

- উপরে প্রদর্শিত বাজেটের ৭ নং ক্রমিকের ব্যয় পিপিআর ২০০৮ এর নির্দেশনা অনুযায়ী RFQ (কোটেশন) পদ্ধতি অনুসরণপূর্বক ক্রয় করা যেতে পারে এবং এবং A/C Payee Cheque এর মাধ্যমে অর্থ পরিশোধ করতে হবে।
- নিম্নোক্ত কোড মোতাবেক Tax ও VAT ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

**Tax কোড:**

1 | 1 1 4 1 | 0 0 0 5 | 0 1 1 1

**VAT কোড:**

1 | 1 1 3 3 | 0 0 1 0 | 0 3 1 1

- আর্থিক বিধিবিধান মোতাবেক উপরোল্লিখিত খাত অনুযায়ী সকল ব্যয় নির্বাহ করত: ২০ জুন ২০২২খ্রি. এর মধ্যে প্রকল্প পরিচালক, এলডিডিপি বরাবরে প্রতিবেদন (SOE) প্রেরণ করতে হবে।
- উপরোল্লিখিত অর্থ ব্যয় পূবর্ক নথিভুক্ত করতে হবে, যা পরবর্তীতে FAPAD নিরীক্ষা কার্যক্রমে উপস্থাপনের জন্য সংরক্ষন করতে হবে।

**ঝ) উদ্‌যাপন কমিটি গঠন ও কর্ম বন্টনঃ**

- বিশ্ব দুগ্ধ দিবস -২০২২ আয়োজনের লক্ষ্যে কেন্দ্রীয় এবং স্থানীয় পর্যায়ে কমিটি গঠন।

**কমিটি গঠনের প্রয়োজনীয়তা ঃ** বিশ্ব দুগ্ধ দিবস অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও আয়োজনে বিভিন্ন দপ্তরের পরামর্শ/সহযোগিতার জন্য ডিপিপি'তে কোন কমিটি গঠনের সংস্থান নেই। তাই কেন্দ্রীয় বা স্থানীয় পর্যায়ে কমিটি গঠনের প্রয়োজন রয়েছে।

কর্ম পরিধি ঃ

- বিশ্ব দুগ্ধ দিবস অনুষ্ঠানের স্থান নির্বাচন।
- বিশ্ব দুগ্ধ দিবস আয়োজনের নিরাপত্তা নিশ্চিতকরণ।
- নির্দেশনা মোতাবেক অনুষ্ঠানের অতিথি নির্বাচন।
- বিশ্ব দুগ্ধ দিবস পালন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য থেকে পুরস্কার বিজয়ী নির্বাচন করা।
- বিশ্ব দুগ্ধ দিবস পালন কার্যক্রম সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে নির্দেশনা মোতাবেক স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ।
- বিশ্ব দুগ্ধ দিবস পালন উপলক্ষ্যে সুবিধা বঞ্চিত এলাকার অন্তত: ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক আলোচনা অনুষ্ঠান, শিক্ষার্থীগণের মাঝে টি-শার্ট বিতরণ ও দুধ পানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা।

**ঞ) বিশ্ব দুগ্ধ দিবস -২০২২ উদযাপন-এর জন্য স্থানীয়/জেলা পর্যায়ে কমিটিঃ**

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ---------------------------------------------------- সভাপতি
২. জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা -------------------------------------------------- সদস্য
৩. পুলিশ সুপারের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা ---------------------------------------------------- সদস্য
৪. ট্রেনিং অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা ------------------------------------সদস্য
৫. জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ----------------------------------------------------------সদস্য
৬. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ---------------------------------------------সদস্য
৭. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ---সদস্য সচিব

***কমিটি প্রয়োজনে অতিরিক্ত এক/দুইজন সদস্য কো-অপ্ট করতে পারবে।*

**ট) অতিথি নির্বাচনঃ** বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ উদযাপনের জন্য শুভ উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠানের ব্যবস্থা থাকতে হবে। উক্ত কমিটি স্থানীয় জনপ্রতিনিধি- মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, জাতীয় সংসদ সদস্যগণকে প্রাধান্য দিয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি নির্বাচন করবে।

**ঠ) প্রতিবেদন প্রেরণঃ** জনসাধারনের মাঝে প্রদর্শনীর প্রভাব (Impact) যাচাইয়ের লক্ষ্যে বিশ্ব দুগ্ধ দিবস উদ্‌যাপন কমিটি কমপক্ষে ১০(দশ) টি রঙ্গিন ছবিসহ একটি প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

অনুমোদিত

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।